দৈনিক ইত্তেফাক
তারিখ ... JUL 12 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

## বকশীগঞ্জে পাবলিক লাইব্রেরী চাই

জামালপুর জেলার বকশীগঞ্জ একটি অনগ্রসর ও পশ্চাৎপদ থানা। এই থানায় দুই লক্ষ লোক বাস করিলেও এইখানে পত্র-পত্রিকার গ্রাহক ও পাঠক সংখ্যা দেশের অন্যান্য থানার তুলনায় কম। এইখানে দৈনিক ইত্তেফাক ও দৈনিক জনকণ্ঠসহ দুই-তিনটি দৈনিক পত্রিকা ব্যতীত অন্য কোন জাতীয় দৈনিক কিংবা ম্যাগাজিন পাওয়া যায় না। এই থানায় কোন পাবলিক লাইব্রেরীও নাই। ফলে বেকার ও দরিদ্র পাঠকগণ পত্রিকা পাঠের সুযোগ হইতে বঞ্চিত। ফলে তাহাদের চেতনাগত সমৃদ্ধি ঘটিতে পারিতেছে না। সিডিএল নামক সংস্থাটি পশ্চাৎপদ জনগোষ্ঠীর চেতনাগত সমৃদ্ধি ও লৈঙ্গিক বৈষম্য দূরীকরণের লক্ষ্যে পশ্চাৎপদ এলাকায় পাবলিক লাইব্রেরী পরিচালনার জন্য সুনাম অর্জন করিয়াছে। এমতাবস্থায়, বকশীগঞ্জ থানায় একটি পাবলিক লাইব্রেরী স্থাপন ও পরিচালনার জন্য আমি সিডিএল কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করিতেছি। সংশ্লিষ্ট থানা প্রশাসন এবং জাতীয় গ্রন্থ কেন্দ্রও এ লক্ষ্যে উদ্যোগ নিতে পারেন।

প্রণব কুমার দেব,
সহকারী শিক্ষক,
বকশীগঞ্জ উলফাতুন্নেছা সরকারী
বালিকা উচ্চ বিদ্যালয়,
ডাকঘরঃ বকশীগঞ্জ,
জেলাঃ জামালপুর-২১৪০